## অধ্যায় ৬

# বস্তুর উপর তাপের প্রভাব

## MAIN TOPIC

**এই অধ্যায়ের শেষে আমরা যা যা শিখতে পারবো:-**

- তাপ তাপমাত্রা
- পদার্থের তাপমাত্রিক ধর্ম
- পদার্থের তাপীয় প্রসারণ-
    - i. কঠিন পদার্থের প্রসারণ
    - ii. তরল পদার্থের প্রসারণ
    - iii. গ্যাসীয় পদার্থের প্রসারণ
- পদার্থের অবস্থার পরিবর্তনের উপর তাপীয় প্রভাব
- তাপধারণ ক্ষমতা ও আপেক্ষিক তাপ
- গলনাংক ও স্ফুটনাংকের উপর চাপীয় প্রভাব

**তাপ (Heat) :** তাপ এক প্রকার শক্তি। এটি শক্তির এমন একটা রুপ যা আমাদের ঠান্ডা বা গরমের অনুভূতি জাগায়। তাপ উষ্ণতর বস্তু থেকে শীতলতর বস্তুর দিকে প্রবাহিত হয়।

**সংজ্ঞা:** তাপ এমন এক প্রকার শক্তি যা সর্বদা প্রবাহের উপর থাকে অন্যকথায় উষ্ণতার পার্থক্যের জন্য যে শক্তি এক বস্তু থেকে অন্য বস্তুতে প্রবাহিত হয়, তাকে তাপ বলে।

**তাপের একক :** SI পদ্ধতিতে তাপের একক হলো জুল (J)

$$J \leftrightharpoons Cal$$

$$1\,J \rightleftharpoons 0.24\,Cal$$

$$1\,Cal \leftrightharpoons 4.18\,J \approx 4.2\,J$$

**তাপমাত্রা :** তাপমাত্রা হচ্ছে কোন পদার্থের একটা অবস্থা যা আসলে যাচাই করে কোন বস্তু অন্য বস্তুর সংস্পর্শে আসলে তাপ দিবে না নিবে। তাপমাত্রা মূলত দুই বা ততোধিক বস্তুর মধ্যে তাপীয় সাম্যবস্থা সৃষ্টি করে।

সংজ্ঞা : তাপমাত্রা হচ্ছে কোন বস্তুর এমন এক তাপীয় অবস্থা, যা নির্ধারণ করে ঐ বস্তুটি অন্য বস্তুর তাপীয় সংস্পর্শে এলে বস্তুটি তাপ হারাবে, না গ্রহণ করবে।

**তাপমাত্রার একক :** কেলভিন (K)

**কেলভিন :** পানির ত্রৈধ বিন্দুর তাপমাত্রার $\frac{1}{273.16}$ ভাগকে 1 K বলে।

**ত্রৈধ বিন্দু :** যে নির্দিষ্ট তাপমাত্রা ও চাপে বরফ, পানি ও জলীয় বাষ্প তিন অবস্থাতেই একসাথে থাকে, তাকে পানির ত্রৈধ বিন্দু বলে। যেটার তাপমাত্রা $273\,K$

## পদার্থের তাপমাত্রিক ধর্ম / পদার্থের তাপমিতিক ধর্ম

**তাপমাত্রিক ধর্ম:** পদার্থের যে ধর্ম ব্যবহার করে তাপমাত্রা পরিমাপ করা যায়।

**তাপমাত্রিক পদার্থ :** যে সকল পদার্থের তাপমাত্রিক ধর্ম ব্যবহার করে তাপমাত্রা পরিমাপ করা হয়।

থার্মোমিটারের মধ্যে তাপমাত্রিক পদার্থ ব্যবহার করা হয়।

**তাপমাত্রিক পদার্থগুলো হচ্ছে:**

i. পদার্থের আয়তন

ii. তাপ

iii. চাপ ইত্যাদি

**তাপমাত্রা মাপার স্কেল:**

তাপমাত্রা মাপার জন্য তিনটা স্কেল প্রচলিত :

i. সেলসিয়াস (C)

ii. ফারেনহাইট (F)

iii. কেলভিন (K)

| | একক | নিম্নস্থিরাঙ্ক | ঊর্ধ্বস্থিরাঙ্ক |
|---|---|---|---|
| সেলসিয়াস | °C | 0 °C | 100 °C |
| ফারেনহাইট | °F | 32 °F | 212 °F |
| কেলভিন | K | 273 K | 373 K |

**নিম্নস্থিরাঙ্ক :** প্রমাণ চাপের যে তাপমাত্রায় বিশুদ্ধ বরফ পানিতে পরিণত হয় তাকে নিম্নস্থিরাঙ্ক বলে। একে বরফ বিন্দুও বলে।

## সেলসিয়াস ফারেনহাইট ও কেলভিন সংক্রান্ত সম্পর্ক ও সূচক:

$$\frac{C-0}{100-0} = \frac{F-32}{212-32} = \frac{K-273}{373-273}$$

$$\frac{C}{100} = \frac{F-32}{180} = \frac{K-273}{100}$$

$$\boxed{\frac{C}{5} = \frac{F-32}{9} = \frac{K-273}{5}}$$ → **মূল সূত্র**

## এদের মধ্যকার সম্পর্ক থেকে সূত্র (Shurtcut) :

i. $\frac{C}{5} = \frac{F-32}{9}$

$C = \frac{F-32}{9} \times 5$ ⟶ ফারেনহাইট to সেলসিয়াস

$F = \frac{9C}{5} + 32$ ⟶ সেলসিয়াস to ফারেনহাইট

ii. $\frac{C}{5} = \frac{K-273}{5}$

$C = K - 373$ ⟶ কেলভিন to সেলসিয়াস

$K = C + 273$ ⟶ সেলসিয়াস to কেলভিন

iii. $\frac{F-32}{9} = \frac{K-273}{5}$

$F = \frac{9(K-273)}{5} + 32$ ⟶ কেলভিন to ফারেনহাইট

$K = \frac{5(F-32)}{9} + 273$ ⟶ ফারেনহাইট to কেলভিন

# পদার্থের তাপীয় প্রসারণ

কোন বস্তুকে তাপ দিলে তা প্রসারিত হয়। কঠিন, তরল, বায়বীয় তিন প্রকার পদার্থের প্রসারণ ঘটে।

## ❖ কঠিন পদার্থের প্রসারণ:

কঠিন পদার্থের প্রসারণ ৩ প্রকার :


i. দৈর্ঘ্য প্রসারণ

ii. ক্ষেত্র প্রসারণ

iii. আয়তন প্রসারণ

## দৈর্ঘ্য প্রসারণ:

কঠিন বস্তুর তাপ প্রয়োগ করলে নির্দিষ্ট দিকে দৈর্ঘ্য বরাবর যে প্রসারণ ঘটে, তাকে দৈর্ঘ্য প্রসারণ বলে।




ধরা যাক, $\theta_1$ তাপমাত্রায় কোন দন্ডের দৈর্ঘ্য $l_1$ । তাপমাত্রা বৃদ্ধি করে $\theta_2$ দিলে শেষ দৈর্ঘ্য $l_2$

দৈর্ঘ্য বৃদ্ধি $l_2 - l_1$

তাপমাত্রা বৃদ্ধি $\theta_2 - \theta_1$

দৈর্ঘ্য প্রসারণ সহগ কে α (আলফা) দ্বারা প্রকাশ করা হয়।

$$\therefore \alpha = \frac{l_2 - l_1}{l_1(\theta_2 - \theta_1)} \quad \ldots \quad \ldots \quad \ldots \quad (i)$$

$\alpha =$ দৈর্ঘ্য প্রসারণ সহগ

$l_1 =$ আদি দৈর্ঘ্য

$l_2 =$ শেষ দৈর্ঘ্য

$l_2 - l_1 =$ দৈর্ঘ্য বৃদ্ধি / দৈর্ঘ্য পরিবর্তন

$\theta_2 - \theta_1 =$ তাপমাত্রা বৃদ্ধি / তাপমাত্রার পরিবর্তন

$\theta_1 =$ আদি তাপমাত্রা

$\theta_2 =$ শেষ তাপমাত্রা

এখান থেকে আরও যা সূত্রপাই: (MCQ/মনে রাখার জন্য)

$$\Delta l = l_2 - l_1 \quad \dots \dots \dots \quad (ii)$$

$$\Delta l = \alpha l_1(\theta_2 - \theta_1) \ /\alpha l_1 \Delta\theta \quad \dots \dots \dots \quad (iii)$$

$$l_2 = \alpha l_1(\theta_2 - \theta_1) \ + l_1 \quad \dots \dots \dots \quad (iv)$$

**দৈর্ঘ্য প্রসারণ সহগ (α) :**

এখন, উক্ত (i) সমীকরণ হতে, হলে দৈর্ঘ্য বৃদ্ধি

$$l_1 = 1 \text{ m}$$

$$\theta_2 - \theta_1 = 1 \text{ K}$$

$$\alpha \ = l_2 - l_1 = \text{দৈর্ঘ্য বৃদ্ধি}$$

সংজ্ঞা : $1\,m$ দৈর্ঘ্যের কোন কঠিন পদার্থের দন্ডের তাপমাত্রা $1\,K$ বৃদ্ধির ফলে যতটুকু দৈর্ঘ্য বৃদ্ধি পায় তাকে ঐ পদার্থের উপাদানের দৈর্ঘ্য প্রসারণ সহগ বলে।

**একক :** $K^{-1}$

**Q. তামার দৈর্ঘ্য প্রসারণ-সহগ $16.7\times10^{-6}\ K^{-1}$ কি বোঝায়?**

তামার দৈর্ঘ্য প্রসারণ-সহগ $16.7\times10^{-6}\ \text{K}^{-1}$ বলতে বোঝায় $1\,m$ দৈর্ঘ্যের কোন তামার দন্ডের তাপমাত্রা $1\,K$ বৃদ্ধি করলে এর দৈর্ঘ্য $16.7\times10^{-6}\ m$ বৃদ্ধি পায়।

**ক্ষেত্র প্রসারণ:**


একটি কঠিন বস্তুর তাপমাত্রা বৃদ্ধি করলে এর ক্ষেত্রফল বৃদ্ধি পায় একে ক্ষেত্র প্রসারণ বলে।

ধরা যাক,

$\theta_1$ তাপমাত্রার কোন কঠিন পদার্থের পৃষ্ঠের আদি ক্ষেত্রফল $A_1$ তাপমাত্রা বৃদ্ধি $\theta_2$ করলে ক্ষেত্রফল বেড়ে হয় $A_2$

ক্ষেত্র বৃদ্ধি $= A_2 - A_1$

তাপমাত্রা বৃদ্ধি $= \theta_2 - \theta_1$




ক্ষেত্র প্রসারণ সহগকে β দ্বারা প্রকাশ করা হয়।

$$\therefore\ \beta = \frac{A_2 - A_1}{A_1(\theta_2 - \theta_1)} \quad \dots \dots \dots \text{(i)}$$

আরো কিছু সূত্র: (MCQ or মনে রাখার জন্য)

$$\Delta A = A_2 - A_1 \quad \dots \dots \dots \text{(ii)}$$

$$\Delta A = \beta A_1(\theta_2 - \theta_1) = \beta A_1 \Delta\theta \quad \dots \dots \dots \text{(iii)}$$

$$\Delta\theta = \theta_2 - \theta_1 \quad \dots \dots \dots \text{(iv)}$$

$$A_2 = \beta A_1(\theta_2 - \theta_1) + A_1 \quad \dots \dots \dots \text{(v)}$$

$\beta$ = ক্ষেত্র প্রসারণ সহগ

$A_1$ = আদি ক্ষেত্রফল

$A_2$ = শেষ ক্ষেত্রফল

$A_2 - A_1$ = ক্ষেত্রফল বৃদ্ধি / ক্ষেত্রফলের পরিবর্তন

$\theta_2 - \theta_1$ = তাপমাত্রা বৃদ্ধি / তাপমাত্রার পরিবর্তন

$\theta_1$ = আদি তাপমাত্রা

$\theta_2$ = শেষ তাপমাত্রা

এখন উক্ত (i) সমীকরণে আদি ক্ষেত্রফল $A_1$ এবং তাপমাত্রা বৃদ্ধি $\theta_2 - \theta_1 = 1\ K$ হয় তবে,

$$\beta = A_2 - A_1$$

**ক্ষেত্র প্রসারণ সহগ :**

$1\ m^2$ ক্ষেত্রফলের কোন কঠিন পদার্থের তাপমাত্রা $1\ K$ বৃদ্ধি করার ফলে যতটুকু ক্ষেত্রফল বৃদ্ধি পায় তাকে ক্ষেত্র প্রসারণ সহগ বলে।

**একক :** $K^{-1}$

**Q. তামার ক্ষেত্র প্রসারণ সহগ $33.4\times10^{-6}\ K^{-1}$ বলতে কি বুঝায়?**

তামার ক্ষেত্র প্রসারণ সহগ $33.4\times10^{-6}\ K^{-1}$ বলতে বুঝায়, $1\ m^2$ ক্ষেত্রফলের কোন তামার দন্ডের তাপমাত্রা $1\ K$ বৃদ্ধি করলে ক্ষেত্রফল $33.4\times10^{-6} m^2$ বৃদ্ধি পায়।

## আয়তন প্রসারণ:

কোন কঠিন পদার্থের তাপমাত্রা বৃদ্ধি করলে এর আয়তন বৃদ্ধি পায়। একে আয়তন প্রসারণ বলে।

ধরা যাক,

$\theta_1$ তাপমাত্রার কোন কঠিন পদার্থের আদি আয়তন $V_1$ তাপমাত্রা $\theta_2$ বাড়ালে আয়তন বেড়ে $V_2$ হয়।

আয়তন বৃদ্ধি $= V_2 - V_1$

তাপমাত্রা বৃদ্ধি $= \theta_2 - \theta_1$

আয়তন প্রসারণ সহগকে **γ** দ্বারা প্রকাশ করা হয়।

$$\therefore \gamma = \frac{V_2 - V_1}{V_1(\theta_2 - \theta_1)} \quad \dots \quad \dots \quad \dots \quad (i)$$

আরো কিছু সূত্র: (MCQ or মনে রাখার জন্য)

$$\Delta V = V_2 - V_1 \quad \dots \quad \dots \quad \dots \quad (ii)$$

$$\Delta V = \gamma V_1(\theta_2 - \theta_1) = \gamma V_1 \Delta\theta \quad \dots \quad \dots \quad \dots \quad (iii)$$

$$V_2 = \gamma V_1(\theta_2 - \theta_1) + V_1 \quad \dots \quad \dots \quad \dots \quad (iv)$$

$\gamma =$ আয়তন প্রসারণ সহগ

$V_1 =$ আদি আয়তন

$V_2 =$ শেষ আয়তন

$V_2 - V_1 =$ আয়তন বৃদ্ধি / আয়তনের পরিবর্তন

$\theta_2 - \theta_1 =$ তাপমাত্রা বৃদ্ধি / তাপমাত্রার পরিবর্তন

$\theta_1 =$ আদি তাপমাত্রা

$\theta_2 =$ শেষ তাপমাত্রা

এখন উক্ত (i) সমীকরণে আদি আয়তন $V_1 = 1 \text{ m}^3$ এবং তাপমাত্রা বৃদ্ধি $\theta_2 - \theta_1 = 1 \text{ K}$ হয় তবে,

$$\gamma = V_2 - V_1$$

### আয়তন প্রসারণ সহগ :

$1 \text{ m}^3$ আয়তনের কোন কঠিন পদার্থের তাপমাত্রা $1 \text{ K}$ বৃদ্ধি করার ফলে যতটুকু আয়তন বৃদ্ধি পায় তাকে ঐ বস্তুর উপাদানের আয়তন প্রসারণ সহগ বলে।

**একক :** $K^{-1}$

**Q. তামার আয়তন প্রসারণ সহগ $50.1\times10^{-6} \text{ K}^{-1}$ বলতে কি বুঝায়?**

তামার আয়তন প্রসারণ সহগ $50.1\times10^{-6} \text{ K}^{-1}$ বলতে বুঝায়, $1 \text{ m}^3$ আয়তনের কোন তামার দন্ডের তাপমাত্রা $1 \text{ K}$ বৃদ্ধি করলে আয়তন $50.1\times10^{-6}\text{m}^3$ বৃদ্ধি পায়।

**এখন, এদের মধ্যকার সম্পর্ক:**

$$\gamma = 3\alpha = 2\beta$$

| | | |
|---|---|---|
| $\alpha = \frac{\gamma}{3}$ | $\beta = \frac{3\alpha}{2}$ | $\gamma = 3\alpha$ |
| $\alpha = \frac{2\beta}{3}$ | $\beta = \frac{\gamma}{2}$ | $\gamma = 2\beta$ |

## তরল পদার্থের প্রসারণ:

তরল পদার্থের নির্দিষ্ট দৈর্ঘ্য ও ক্ষেত্রফল না থাকলেও আয়তন আছে।

তাপমাত্রা বৃদ্ধি করলে তরল পদার্থের আয়তন বৃদ্ধি পায়। কিন্তু সকল তরল সমান ভাবে বৃদ্ধি পায় না। বিভিন্ন তরলের (সমআয়তন) জন্য প্রসারণ বিভিন্ন হয়।

তরল পদার্থের প্রসারণ দুই প্রকার:

i. প্রকৃত প্রসারণ ($V_r$)
ii. আপাত প্রসারণ ($V_a$)

### প্রকৃত প্রসারণ

তরলকে কোন পাত্রে না রেখে (সম্ভব হলে) তাপ দিলে তার যে আয়তন প্রসারণ হত, তাকে প্রকৃত প্রসারণ বলে। একে দ্বারা প্রকাশ করা হয়।

### আপাত প্রসারণ

তরলকে পাত্রে রেখে তাপ দিলে যে আয়তন পাওয়া যায় (এক্ষেত্রে পাত্রের বৃদ্ধিপ্রাপ্ত আয়তন বিবেচনায় না এনে) তাকে আপাত প্রসারণ বলে। একে দ্বারা প্রকাশ করা হয়।

প্রকৃত প্রসারণ ও আপাত প্রসারণ এর মধ্যে সম্পর্ক :

**প্রকৃত প্রসারণ = আপাত প্রসারণ + পাত্রের প্রসারণ**


$$\therefore\ V_r = V_a + V_g$$

## গ্যাসের প্রসারণ:

নির্দিষ্ট আকার বা আয়তন নেই (তরল পদার্থের মত) । তাই, এর আয়তন প্রসারনই প্রযোজ্য।

গ্যাসকে ভিন্ন ভিন্ন পাত্রে নিলে তার চাপও পাত্র ভেদে ভিন্ন ভিন্ন হবে।

যদি গ্যাসের আয়তন বৃদ্ধি মাপতে চাই, তাহলে যাতে চাপের কোন পরিবর্তন না হয়, তা লক্ষ্য রাখতে হবে।



চিত্রঃ তাপ প্রয়োগে বাতাসের আয়তন বেড়ে যায়।

কঠিন বা তরল পদার্থকে চাপ দিলে একে বেশি সচেতন করা যায় না। গ্যাসকে চাপ দিলে সংকুচিত করা যায়। গ্যাস ও তাপমাত্রার মধ্যকার সম্পর্ক আছে, যাকে আদর্শ গ্যাস সূত্র বলে।

$$PV = nRT$$

ধরা যাক, একটি নির্দিষ্ট চাপে যদি $\theta_1$ তাপমাত্রায় গ্যাসের আয়তন $V_1$, তাপমাত্রা বাড়িয়ে $\theta_2$ করলে আয়তন $V_2$ হলে,

আয়তন বৃদ্ধি $= V_2 - V_1$

তাপমাত্রা বৃদ্ধি $= \theta_2 - \theta_1$

গ্যাসের প্রসারণ সহগ $\beta_P$ দ্বারা প্রকাশ করা হয়।

$$\therefore \beta_P = \frac{V_2 - V_1}{V_1(\theta_2 - \theta_1)}$$

$\beta_P$ = গ্যাসের প্রসারণ সহগ

$V_1$ = আদি আয়তন

$V_2$ = শেষ আয়তন

$V_2 - V_1$ = আয়তন পার্থক্য

$\theta_2 - \theta_1$ = তাপমাত্রা পার্থক্য

আমরা জানি,

$$PV_1 = nR\,T_1$$

$$PV_2 = nR\,T_2$$

তাহলে, $P(V_2 - V_1) = nR(T_2 - T_1)$

$$\frac{V_2 - V_1}{V_1} = \frac{T_2 - T_1}{T_1}$$ [বামপক্ষকে $PV_1$ ডানপক্ষকে $nR\,T_1$ দিয়ে ভাগ]

$$\frac{V_2 - V_1}{V_1(T_2 - T_1)} = \frac{1}{T_1}$$

$$\therefore\ B_P = \frac{1}{T_1}$$

**একক :** $K^{-1}$

## তাপধারণ ক্ষমতা ও আপেক্ষিক তাপ:

### তাপ ধারণ ক্ষমতা:

কোন বস্তুর তাপমাত্রা একক বাড়ালে যে পরিমাণ তাপের প্রয়োজন, তাকে ঐ বস্তুর তাপ ধারণ ক্ষমতা বলে।

নির্ভর করে- বস্তুর উপাদান ও ভরের উপর।

ধরি,

কোন বস্তুর তাপমাত্রা $\Delta\theta$ বাড়তে তাপ লাগে $= Q$ পরিমাণ

$\therefore$কোন বস্তুর তাপমাত্রা 1 একক বাড়তে তাপ লাগে $= \frac{Q}{\Delta\theta}$ পরিমাণ

$\therefore$ তাপধারণ ক্ষমতা, $$C = \frac{Q}{\Delta\theta}$$

**একক :** $JK^{-1}$

## আপেক্ষিক তাপ:

1 Kg পদার্থের তাপমাত্রা 1 K বাড়াতে যে পরিমাণ তাপের প্রয়োজন হয় সেটাই আপেক্ষিক তাপ।

যদি m ভরের কোন পদার্থকে $\theta_1$ থেকে $\theta_2$ তাপমাত্রায় নিতে Q তাপের প্রয়োজন হয়, তাহলে আপেক্ষিক তাপ হচ্ছে,

$$S = \frac{Q}{m\Delta\theta} \quad \ldots\ldots\ldots \quad (i)$$

$S$ = আপেক্ষিক তাপ
m = বস্তুর ভর
$Q$ = প্রয়োজনীয় তাপ
$\Delta\theta$ = তাপমাত্রা পার্থক্য

**একক :** $JKg^{-1}K^{-1}$

(i) হতে পাই,

$$Q = mS\Delta\theta$$

**একক :** J (জুল)

**আপেক্ষিক তাপ ও তাপ ধারণ ক্ষমতার সম্পর্ক:**

$$S = \frac{Q}{m\Delta\theta} = \frac{C}{m}$$

∴ আপেক্ষিক তাপ = $\frac{\text{তাপ ধারণ ক্ষমতা}}{\text{ভর}}$

| পদার্থ | আপেক্ষিক তাপ $JKg^{-1}K^{-1}$ |
|---|---|
| পানি | 4200 |
| বরফ | 2100 |
| জলীয়বাষ্প | 2000 |
| সীসা | 130 |
| তামা | 400 |
| রুপা | 230 |

## পদার্থের অবস্থার পরিবর্তনের উপর তাপের প্রভাব :

পদার্থের তিনটি অবস্থা থাকতে পারে- কঠিন, তরল ও বায়বীয়। এর তিন অবস্থা হচ্ছে যথাক্রমে কঠিন, তরল ও বায়বীয়।

পানির এই অবস্থা নির্ভর করে বায়ুচাপ ও তাপমাত্রার উপর।

**গলন :** কোন পদার্থকে তাপ দিলে তাপমাত্রা একটি নির্দিষ্ট মানে পৌছলে কঠিন পদার্থটি গলতে শুরু করে যাকে গলন বলে।

**গলনাঙ্ক :** যে তাপমাত্রায় কঠিন পদার্থের গলন শুরু হয় তাকে গলনাংক  বলে।

**গলনের সুপ্ততাপ :** গলন চলাকালীন নির্দিষ্ট গলনাঙ্কে যে পরিমান তাপ দিয়ে কঠিন পদার্থকে পুরো তরলে রূপান্তরিত করতে হয়, তাকে গলনের সুপ্ততাপ বলে। যতক্ষন গলন চলে ততক্ষন তাপমাত্রা একই থাকে।

**বাষ্পীভবন :** তাপ প্রয়োগে পদার্থের তরল অবস্থা থেকে বাষ্পীয় অবস্থায় পরিণত হওয়ার ঘটনাকে বাষ্পীভবন বলে।

**স্ফুটনাঙ্ক :** যে তাপমাত্রায় বাষ্পীভবন ঘটে তাকে স্ফুটনাঙ্ক  বলে। এর মান চাপের উপর নির্ভরশীল।

**বাষ্পীভবনের সুপ্ততাপ :** বাষ্পীভূত করার সময় যে পরিমান তাপ দিয়ে পুরো তরল পদার্থকে গ্যাসে পরিণত করা হয় সেই তাকে বলা হয় বাষ্পীভবনের সুপ্ততাপ। যতক্ষন বাষ্পীভবন চলে ততক্ষন তাপমাত্রার পরিবর্তন হয়না।

**ঘনীভবন :** উষ্ণতা হ্রাস ঘটেয়ে কোন পদার্থের বায়বীয় অবস্থা থেকে তরল অবস্থায় রূপান্তরিত হওয়ার প্রক্রিয়াকে ঘনীভবন বলে।

**কঠিনীভবন :** তরল অবস্থা থেকে কঠিন অবস্থায় রূপান্তরিত হওয়াকে কঠিনীভবন বলে।

**বাষ্পায়ন :** যে কোন তাপমাত্রায় তরলের শুধুমাত্র উপরিতল থেকে ধীরে ধীরে বাষ্পে পরিণত হওয়ার প্রক্রিয়াকে বাষ্পায়ন বলে।

## বাষ্পায়নের নির্ভরশীলতা :

বর্ষাকালে বা বৃষ্টির দিনে ভেজা কাপড় শুকাতে চায় না। আবার কাঠফাটা রোদে কাপড় খুব দ্রুত শুকায়। এই ভেজা কাপড় শুকানোর বিষয়টি আসলে বাষ্পায়নের অনেক কিছুর উপর নির্ভর করে।

**বাতাসের প্রবাহ :** বাতাসের প্রবাহ বেশি হলে বাষ্পায়ন বেশি হয়।

তরলের উপরিভাগের ক্ষেত্রফল : তরলের উপরিভাগের ক্ষেত্রফল যত বেশি হবে বাষ্পায়ন তত বেশি হবে। যেমন : এক গ্লাস পানি বাষ্পীভূত হতে যত সময় লাগবে, পানিটা বড় থালায় নিলে সেটা তাড়াতাড়ি বাষ্পীভূত হয়।

**তরলের প্রকৃতি :** তরলের স্ফুটনাংক কম হলে বাষ্পায়ন বেশি।
উদ্বায়ী তরলের বাষ্পায়ন সবচেয়ে বেশি হয়।

**বাতাসের চাপ :** বাতাসের চাপ যত কম হবে, বাষ্পায়নের হার তত বেশি।
শূন্যস্থানে বাষ্পায়ন সবচেয়ে বেশি।

**বায়ুর শুষ্কতা :** বাতাস যত শুষ্ক হবে, তরল তত তাড়াতাড়ি বাষ্পায়ন হবে।

## গলনাংক ও স্ফুটনাঙ্কের উপর চাপের প্রভাব :

বরফ টুকরোকে (দুটি) একসঙ্গে কিছুক্ষণ জোরে চাপ দাও। দেখা যাবে, টুকরো দুটির জোড়া লেগেছে।

কারণ, বরফ দুটির স্পর্শ তরলের চাপ বাড়ায় সেখানে গলনাঙ্ক কমে যায়। অর্থাৎ গলনাঙ্ক $0^\circ$ এর চেয়ে কম হয়। কিন্তু স্পর্শ তলের উষ্ণতার থাকে $0^\circ$ । চাপ অপসারণ করলে গলনাঙ্ক পুনরায় $0^\circ$ হয়। ফলে গলে যাওয়া পানি আবার বরফে পরিণত হয়। যার কারণে টুকরো দুটি আবার জোড়া লাগে।

**পুনঃশিলীভবন :** চাপ দিয়ে কঠিন বস্তুকে তরলে পরিণত করে ও চাপ হ্রাস করে আবার কঠিন অবস্থায় আনাকে পুনঃশিলীভবন বলে।

চাপের কারণে ও স্ফুটনাংক এর পরিবর্তন হয়। চাপ কম হলে স্ফুটনাঙ্ক ও কমে যায়। চাপ বাড়লে স্ফুটনাঙ্ক বেড়ে যায়।

এই জন্যে, যারা পর্বতারোহণ করতে উপরে যায় বা বসবাস করে, তাদের রান্না করতে অনেক সময় লেগে যায়। কারণ বাতাসের চাপ কম থাকে বলে পানি তুলনামূলকভাবে কম তাপমাত্রায় ফুটতে থাকে।

# Formula Table

| সূত্র | প্রতীক পরিচয় | একক |
|---|---|---|
| $\frac{T_c}{5} = \frac{T_F - 32}{9} = \frac{T_k - 273}{373 - 273}$ | $T_c$ = সেলসিয়াস স্কেলে তাপমাত্রা<br>$T_F$ = ফারেনহাইট স্কেলে তাপমাত্রা<br>$T_K$ = কেলভিনস্কেলে তাপমাত্রা | °C = ডিগ্রি সেলসিয়াস<br>°F = ডিগ্রি ফারেনহাইট<br>K = কেলভিন |
| $\alpha = \frac{l_2 - l_1}{l_1(T_2 - T_1)}$ | α = দৈর্ঘ্য প্রসারণ সহগ<br>$l_1$ =আদি দৈর্ঘ্য<br>$l_2$ =শেষ দৈর্ঘ্য<br>$T_2 - T_1$ = তাপমাত্রার পার্থক্য | $°C^{-1}$<br>মিটার (m)<br>মিটার (m)<br>°C/K |
| $\beta = \frac{A_2 - A_1}{A_1(T_2 - T_1)}$ | β = ক্ষেত্র প্রসারণ সহগ<br>$A_1$ = আদি ক্ষেত্রফল<br>$A_2$ = শেষ ক্ষেত্রফল<br>$T_2 - T_1$ = তাপমাত্রার পার্থক্য | $°C^{-1}$<br>মিটার$^2$ $(m)^2$<br>মিটার$^2$ $(m)^2$<br>°C/K |
| $\gamma = \frac{V_2 - V_1}{V_1(T_2 - T_1)}$ | γ = আয়তন প্রসারণ সহগ<br>$V_1$ = আদি আয়তন<br>$V_2$ =শেষ আয়তন<br>$T_2 - T_1$ = তাপমাত্রার পার্থক্য | $°C^{-1}$<br>মিটার$^3$ $(m)^3$<br>মিটার$^3$ $(m)^3$<br>°C/K |
| $\alpha = \frac{\beta}{2} = \frac{\gamma}{3}$ | α = দৈর্ঘ্য প্রসারণ সহগ<br>β = ক্ষেত্র প্রসারণ সহগ<br>γ = আয়তন প্রসারণ সহগ | $°C^{-1}$<br>$°C^{-1}$<br>$°C^{-1}$ |

| সূত্র | প্রতীক পরিচয় | একক |
|---|---|---|
| $V_L = V_a + V_g$ | $V_L =$ প্রকৃত প্রসারণ<br>$V_a =$ আপাত প্রসারণ<br>$V_g =$ পাত্রের প্রসারণ | মিটার³ $(m)^3$<br>মিটার³ $(m)^3$<br>মিটার³ $(m)^3$ |
| $PV = nRT$ | $P =$ গ্যাসের চাপ<br>$V =$ আয়তন<br>$T =$পরম তাপমাত্রা<br>$R =$ মোলার গ্যাস ধ্রুবক<br>$n =$ মোল সংখ্যা | নিউটন মিটার$^{-2}$ $(Nm^{-2})$<br>মিটার³ $(m)^3$<br>কেলভিন (k)<br>$Jmol^{-1}K^{-1}$<br>মোল ( $mol$) |
| $S = \frac{Q}{m\Delta\theta} = \frac{C}{m}$ | $S =$ আপেক্ষিক তাপ<br>$m =$ ভর<br>$T_2 - T_1 =$ তাপমাত্রার পার্থক্য<br>$Q =$ তাপ<br>$C =$তাপধারণ ক্ষমতা | $Jkg^{-1}K^{-1}$<br>$kg$<br>K<br>J<br>$JK^{-1}$ |

# TOPICWISE MATH

## Type-1

$$\frac{T_c}{5} = \frac{T_F - 32}{9} = \frac{T_k - 273}{5}$$

**কোন তাপমাত্রায় সেলসিয়াস ও ফারেনহাইট স্কেলের পাঠের পার্থক্য 50° হয়?**

মনে করি,

সেলসিয়াস স্কেলে পাঠ $x$ হলে,

ফারেনহাইট স্কেলে পাঠ $= x \pm 50$

$= x + 50$ বা, $x - 50$

আমরা জানি,

$$\frac{T_c}{5} = \frac{T_F - 32}{9}$$

বা, $\frac{x}{5} = \frac{x + 50 - 32}{9} = \frac{x + 18}{9}$

বা, $9x = 5x + 90$

বা, $4x = 90$

$$\therefore x = \frac{90}{4} = 22.5$$

$\therefore$ সেলসিয়াস স্কেলে পাঠ 22.5°C

$\therefore$ ফারেনহাইট স্কেলে পাঠ $= 22.5 + 50 = 72.5$°C

আবার, $x - 50$ ধরে,

$$\frac{x}{5} = \frac{x - 50 - 32}{9} = \frac{x - 82}{9}$$

বা, $9x = 5x - 410$

বা, $4x = -410$

$$\therefore x = \frac{-410}{4} = -102.5$$

$\therefore$ সেলসিয়াস স্কেলে পাঠ $-102.5°F$

$\therefore$ ফারেনহাইট স্কেলে পাঠ $= -102.5 - 50 = -152.5°F$

## Type-2

$$\alpha = \frac{l_2 - l_1}{l_1(T_2 - T_1)}$$

**$15°C$ তাপমাত্রায় একটি রেল লাইনের 30 মিটার দৈর্ঘ্য বিশিষ্ট একাধিক ইস্পাতের রয়েছে। দুটি পাতের মধ্যে $1.5\ cm$ এর একটি ফাঁদ বিদ্যমান। কত তাপমাত্রায় পাতদ্বয়ের মধ্যবর্তী ফাঁদ পূর্ণ হবে? [ইস্পাতের দৈর্ঘ্য প্রসারণ সহগ $11\times10^{-6}\ °C^{-1}$]**

এখানে,

আদি তাপমাত্রা, $T_1 = 15\ °C$ ; আদি দৈর্ঘ্য, $l_1 = 30m$

দৈর্ঘ্য বৃদ্ধি, $\Delta l = l_2 - l_1 = 1.5\ cm = 1.5\times10^{-2}\ m$

$\therefore$ শেষ তাপমাত্রা, $T_2 = ?$

আমরা জানি,

$$\alpha = \frac{l_2 - l_1}{l_1(T_2 - T_1)}$$

$$\therefore T_2 = \frac{l_2 - l_1}{l_1\alpha} + T_1$$

$$= 60.45$$

## Type-3

$$\beta = \frac{A_2 - A_1}{A_1(T_2 - T_1)}$$

**25°C তাপমাত্রায় একটি তামার পাতের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে $1\,m$ ও $0.5\,m$। তামার ক্ষেত্রে প্রসারণ সহগ $33.4\times10^{-6}\,°C^{-1}$। পাত্রটির ক্ষেত্রফল $1\%$ বৃদ্ধি করতে চূড়ান্ত তাপমাত্রা কত করতে হবে?**

এখানে,

আদি ক্ষেত্রফল, $A_1 = (1\times0.5)$

$= 0.5\,m^2$

ক্ষেত্রফল বৃদ্ধি, $= A_2 - A_1$

$= 0.5$ এর $1\%$

$= 0.5\times0.01$

$= 0.005\,m^2$

আদি তাপমাত্রা, $T_1 = 25°C$

$\therefore$ চূড়ান্ত তাপমাত্রা, $T_2 = ?$

তামার ক্ষেত্র প্রসারণ সহগ,

$\beta = 33.4\times10^{-6}\,°C^{-1}$

আমরা জানি,

$$\beta = \frac{A_2 - A_1}{A_1(T_2 - T_1)}$$

বা, $$T_2 = \frac{A_2 - A_1}{A_1\beta} + T_1$$

$$= \frac{0.005}{0.5\times33.4\times10^{-6}} + 25$$

$$= 324.04\,°C$$

## Type-4

$$\gamma = \frac{V_2 - V_1}{V_1(T_2 - T_1)}$$

**$0°C$ তাপমাত্রায় $1000\ cm^3$ আয়তনের একটি বস্তু $100°C$ তাপমাত্রা পর্যন্ত উত্তপ্ত করলে এর আয়তন $1003.3\ cm^3$ হয়। আয়তন প্রসারণ সহগ কত?**

এখানে,

আদি আয়তন, $V_1 = 1000\ cm^3$

$= 1000 \times 10^{-3} m^3$

শেষ আয়তন,

$V_2 = 1003.3\ cm^3$

$= 1000 \times 10^{-3} m^3$

আয়তন বৃদ্ধি, $\Delta V = V_2 - V_1$

$= 1003.3 - 1000 m^3$

$= 3.3 \times 10^{-3}\ m^3$

আয়তন প্রসারণ সহগ, $\gamma = ?$

আমরা জানি,

$$\gamma = \frac{V_2 - V_1}{V_1(T_2 - T_1)}$$

$$= \frac{3.3 \times 10^{-3}}{1000 \times 10^{-3} \times (100 - 0)°C}$$

$$= 33 \times 10^{-6}\ °C^{-1}$$

## Type-5

$$\gamma = 3\alpha = 2\beta$$

**$2\ m$ বাহু বিশিষ্ট একটি লোহার ঘনকের তাপমাত্রা $25°C$ থেকে $100°C$ করায় এর আয়তন বেড়ে $8.043\ cm^3$ হয়। লোহার ক্ষেত্র প্রসারণ কত?**

লোহার ঘনকের একবাহুর দৈর্ঘ্য $= 2\ m$

লোহার ঘনকের আয়তন, $V_1 = (2\ m)^{\ 2}$

আয়তন বৃদ্ধি, $\Delta V = V_2 - V_1 = (8.043 - 8)\ m^3$

$= 0.043\ m^3$

তাপমাত্রা বৃদ্ধি, $T_2 - T_1 = (100 - 25)\ m^3$

$= 75°C$

∴ লোহার ক্ষেত্রে ক্ষেত্র প্রসারণ সহগ, $\beta = ?$

$$\gamma = \frac{V_2 - V_1}{V_1(T_2 - T_1)}$$

$$= \frac{0.043}{8\times 75}$$

$$= 71.667\times 10^{-6}\ °C^{-1}$$

10 MINUTE SCHOOL

আমরা জানি,

$$3\beta = 2\gamma$$

$$\therefore\ \beta = \frac{2\gamma}{3}$$

$$= \frac{2\times 71.667\times 10^{-6} °C^{-1}}{3}$$

$$= 47.8\times 10^{-6}\ °C^{-1}$$

## Type-6

$$V_r = V_a + V_g$$

**কাচনলে রাখা পারদের আপাত প্রসারণ সহগ $\gamma_a = 146.6\times10^{-6}\,°C^{-1}$ এবং কাঁচের দৈর্ঘ্য প্রসারণ-সহগ $\gamma_g = 0.00001\,°C^{-1}$ হলে, পারদের প্রকৃত প্রসারণ সহগ কত?**

দেওয়া আছে,

পারদের আপাত প্রসারণ সহগ, $\gamma_a = 146.6\times10^{-6}\,°C^{-1}$

পারদের দৈর্ঘ্য প্রসারণ সহগ, $\alpha_g = 0.00001\,°C^{-1}$

$\therefore$ পারদের প্রকৃত প্রসারণ, $\gamma_L = ?$

আমরা জানি,

পাত্রের আয়তন প্রসারণ সহগ, $\gamma_g = 3\alpha_g$

$= 3\times10^{-5}\,°C^{-1}$

$\therefore \gamma_L = \gamma_a + \gamma_g$

$= 146.6\times10^{-6}\,°C^{-1} + 3\times10^{-5}\,°C^{-1}$

$= 17.66\times10^{-5}\,°C^{-1} + 3\times10^{-5}\,°C^{-1}$

## Type-7

$$PV = nRT$$

**$250\ cm^3$ আয়তনের একটি বৈদ্যুতিক বাল্ব $10^{-3}\ mm$ চাপে $27°C$ তাপমাত্রায় তৈরি করা হয়েছিল। বালতির মধ্যে অনুর সংখ্যা নির্ণয় কর।**

এখানে,

আয়তন, $V = 25\ cm^3$

$$= \frac{250}{100\times100\times100} = 250\times10^{-6}\ m^3$$

তাপমাত্রা, $T = (273 + 27) = 300\ K$

চাপ, $P = \frac{10132.5\times10^{-3}\ mm}{760\ mm(Hg)} = 133.32\times10^{-3}\ Nm^{-2}$

ধ্রুবক, $R = 8.314\ JK^{-1}mol^{-1}$

অনুর সংখ্যা, $n = ?$

আমরা জানি,

$$PV = nRT$$

$$n = \frac{PV}{RT}$$

$$n = \frac{133.32\times10^{-3}\ Nm^{-2}\ \times250\times10^{-6}\ m^3}{8.314\ JK^{-1}mol^{-1}\ \times300\ K}$$

$$= 8.05\times10^{-15}$$

## Type-8

$$S = \frac{Q}{m\Delta\theta} = \frac{C}{m}$$

**$-5$°C তাপমাত্রায় $1\ kg$ বরফকে $4\times10^5$ J তাপ প্রয়োগ করলে সম্পূর্ণ তরলে পরিণত করা সম্ভব কি?**

বরফের ভর, $m = 1\ kg$

আপেক্ষিক তাপ, $S = 2100\ Jkg^{-1}k^{-1}$

এখন, $-5$°C তাপমাত্রায় বরফকে $0$°C তাপমাত্রার বরফে পরিণত করতে প্রয়োজনীয় তাপ $Q_1$ হলে,

$$Q_1 = ms\{0-(-5)\}$$
$$= 1\times2100\times5$$
$$= 10500\ \text{J}$$

আবার, $0$°C তাপমাত্রায় বরফকে $0$°C তাপমাত্রার পানিতে আনতে প্রয়োজনীয় তাপ $Q_2$ হলে,

$$Q_2 = ml_f$$
$$= 1\times334\times10^3$$
$$= 334\times10^3\ \text{J}$$

মোট তাপ, $Q = Q_1 + Q_2$

$$= 10500\ \text{J} + 334\times10^3\ \text{J}$$
$$= 3.445\times10^3\ \text{J}$$

কিন্তু

প্রদানকৃত তাপ $4\times10^5$ J যা $Q$ অপেক্ষা বেশি ।

অতএব, $4\times10^5$ J তাপ প্রদান করা হলে সম্পূর্ণ বরফ কে তরলে পরিণত করা সম্ভব।

# SOLVED CQ

## ১। বগুড়া জিলা স্কুল, বগুড়া।

একজন তৃষ্ণার্ত পথিক 17°Cতাপমাত্রার পানি পান করার উদ্দেশে 30°C তার্মাত্রার 300 g পানির মধ্যে 12°C তাপমাত্রার 250 g বরফ মেশালেন। তাপ পরিমাপের মূলনীতি অনুযায়ী বরফ গলতে শুরু করল।

ক.তাপমাত্রিক ধর্ম কী?

খ.তাপ প্রয়োগে কঠিন বস্তুরপ্রসারণ লাভের কারণ ব্যাখ্যা কর।

গ.উক্ত পরিমাণ বরফ গলতে কী পরিমাণ তাপের প্রয়োজন?

ঘ.পথিকের পক্ষে কতটুকু পানি পান করা সম্ভব হয়েছিল তা গাণিতিকভাবে যাচাই কর।

### ১ নং প্রশ্নের উত্তর

**ক.** পদার্থের যে ধর্ম ব্যবহার করে তাপমাত্রা পরিমাপ করা হয়।

**খ.** তাপমাত্রা বৃদ্ধির ফলে কোনো বস্তুর অণুগুলোর যখন কম্পন বৃদ্ধি পায় তখন অণুগুলো একই শক্তি নিয়ে ভিতর দিকে যতটা সরে আসতে পারে বাইরের দিকে তার চেয়ে বেশি সরে যেতে পারে। ফলে প্রত্যেক অণু গড় সাম্যাবস্থান থেকে কিছুটা বাইরের দিকে সরে যায়। এ কারণেই তাপমাত্রা বৃদ্ধির ফলে পদার্থের প্রসারণ ঘটে।

**গ.** এখানে, বরফের তাপমাত্রা, $\theta_1 = -12°C$

বরফের ভর, $m = 250\ g = 0.25\ kg$

- 12°C তাপমাত্রার বরফ থেকে 0°C তাপমাত্রার বরফে পরিণত হতে প্রয়োজনীয় তাপ,

$$Q_1 = m_1 S_1 \Delta\theta$$
$$= 0.25\text{kg} \times 2100\ \text{JKg}^{-1}\text{K}^{-1} \times 12\ \text{K}$$
$$= 6300\ \text{J}$$

এখানে,

বরফের আপেক্ষিক তাপ,

$S_1 = 2100\ \text{JKg}^{-1}\text{K}^{-1}$

এখন, $0\ °C$ তাপমাত্রার বরফকে $0\ °C$ তাপমাত্রার পানিতে পরিণত করতে প্রয়োজনীয় তাপ,

$$Q_2 = m_1 l_f$$
$$= 0.25\text{kg} \times 336000\ \text{JKg}^{-1}$$
$$= 84000\ \text{J}$$

এখানে,

বরফ গলনের আপেক্ষিক সুপ্ততাপ,

$\mu_f = 36000\ \text{JKg}^{-1}$

∴ উক্ত বরফ গলতে প্রয়োজনীয় তাপ, $Q = Q_1 + Q_2$

$$= 6300\ \text{J} + 84000\ \text{J}$$
$$= 90300\ \text{J}$$

ঘ. ‘গ’ হতে পাই,

উদ্দীপকের বরফ গলে $0\ °C$ তাপমাত্রার পানিতে পরিণত হতে প্রয়োজনীয় তাপ, $Q = 90300\ J$

এখন, $0\ °C$ তাপমাত্রার বরফ গলা পানি থেকে $17\ °C$ তাপমাত্রায় পানিতে পরিণত হতে প্রয়োজনীয় তাপ,

$$Q' = m_i S_w \Delta\theta'$$
$$= 0.25\text{kg} \times 4200\ \text{JKg}^{-1}\text{K}^{-1} \times 17\ \text{K}$$
$$= 17850\ \text{J}$$

$\therefore -12\,°C$ তাপমাত্রার বরফ থেকে $17\,°C$ তাপমাত্রার পানি হতে মোট প্রয়োজনীয় তাপ,

$$Q_r = Q + Q'$$
$$= 90300\,\text{J} + 17850\,\text{J}$$
$$= 108150\,\text{J}$$

এখন দেখা যাক $30\,°C$ তাপমাত্রার $300\,g = 0.3\,kg$ পানি $17°c$ এ আসলে এই তাপ পাওয়া যায় কি-না।

$$Q'' = m_w S_w \Delta\theta''$$
$$= 0.3\text{kg} \times 4200\,\text{JKg}^{-1}\text{K}^{-1} \times 13\,\text{K}$$
$$= 16380\,\text{J}$$

এখানে,
পানির ভর, $m_w = 0.3\,kg$
পানির আপেক্ষিক তাপ,
$S_w = 4200\,\text{JKg}^{-1}\text{K}^{-1}$
তাপমাত্রা হ্রাস,
$\Delta\theta = (30 - 17)\,\text{K} = 13\,\text{K}$

দেখা যাচ্ছে যে, $Q'' < Q_r$ সুতরাং $Q''$ তাপ দ্বারা সম্পূর্ণ বরফটি গলবে না।

ধরা যাক, $Q''$ তাপ দ্বারা $m\,kg$ বরফ $-12\,°C$ থেকে $17\,°C$ তাপমাত্রার পানিতে পরিণত হয়েছিল।

$\therefore$ শর্তানুসারে,

$$mS_i(12-0) + ml_f + mS_w(17-0) = Q''$$
$$m \times 1200 \times 12 + m \times 336000 + m \times 4200 \times 17 = Q''$$
$$m = \frac{16380}{432600}$$
$$\therefore m = 0.04\,kg = 40\,g$$

সুতরাং $30\,°C$ তাপমাত্রার $300\,g$ পানি $17\,°C$ তাপমাত্রার পানিতে পরিণত হওয়ার ফলে সরবরাহকৃত তাপ দ্বারা উল্লিখিত তাপমাত্রার $40\,g$ বরফকে $17\,°C$ তাপমাত্রার পানিতে পরিণত করা যাবে। অতএব, পথিকের পক্ষে $(300+40)g = 340\,g$ পানি পান করা সম্ভব।

## ২। ঢাকা কলেজিয়েট স্কুল, ঢাকা

$30°C$ তামাত্রায় বর্গাকার একটি লোহা ও একটি প্লাটিনাম পাতের প্রতিটির ক্ষেত্রফল $5\,m^2$। তাপ দিয়ে লোহার পাতের তাপমাত্রা $100°C$ এ উন্নীত করায় এর ক্ষেত্রফল $5.00812\,m^2$ হলো। (প্লাটিনামের দৈর্ঘ্য প্রসারণ সহগ $8.9 \times 10^6\ K^{-1}$)

ক. প্লাৰতা কাকে বলে?

খ. গলনাঙ্কের উপর চাপের প্রভাব ব্যাখ্যা কর।

গ. লোহার আয়তন প্রসারণ সহগ নির্ণয় কর।

ঘ. তাপমাত্রা বৃদ্ধি করে প্লাটিনামের পাতটিকে লোহার পাতের উপর সমাপতিত করা সম্ভব-গাণিতিক বিশ্লেষণ করে তার প্রমাণ কর।

10 MINUTE SCHOOL

## ২ নং প্রশ্নের উত্তর

ক. তরল বা বায়বীয় পদার্থে আংশিক বা সম্পূর্ণভাবে নিমজ্জিত কোনো বস্তুর উপর তরল বা বায়বীয় পদার্থ লম্বভাবে যে উর্ধ্বমুখী বল প্রয়োগ করে তাকে প্লবতা বলে।

খ. গলনাঙ্কের উপর চাপের প্রভাব দু'ভাবে হতে পারে-

(১) কঠিন অবস্থা থেকে তরল অবস্থায় রূপান্তরের সময় যেসব পদার্থের আয়তন বৃদ্ধি পায় (মোম, তামা) তাদের ক্ষেত্রে চাপ বাড়লে পদার্থের গলনাঙ্ক বেড়ে যায়।

(২) আবার যেসব পদার্থের আয়তন গলনের ফলে হ্রাস পায় (ঢালাই লোহা, বরফ, অ্যান্টিমনি) তাদের ক্ষেত্রে চাপ বাড়লে গলনাঙ্ক কমে যায়।

গ. উদ্দীপক হতে পাই,

লোহার পাতের আদি ক্ষেত্রফল, $A_0 = 5\ m^2$

ক্ষেত্রফল বৃদ্ধি, $\Delta A = (5.00812 - 5)\ m^2 = 0.00812\ m^2$

তাপমাত্রা বৃদ্ধি, $\Delta 0 = (100 - 30)\ °C = 70\ °c = 70\ K$

লোহার আয়তন প্রসারণ সহগ, $\gamma$= ?

আমরা জানি,

$$\beta = \frac{\Delta A}{A_0 \Delta \theta} = \frac{0.00812\ m^2}{5 \times 70\ K} 2.32 \times 10^{-5}\ K^{-1}$$

আবার, $2\gamma = 3\beta$

$$\gamma = \frac{3}{2}\beta = \frac{3}{2} \times 2.32 \times 10^{-5}\ K^{-1} = 3.48 \times 10^{-5}\ K^{-1}$$

অতএব, লোহার আয়তন প্রসারণ সহগ $3.48 \times 10^{-5}\ K^{-1}$

ঘ. প্লাটিনামের পাতটিকে লোহার পাতের উপর সমপাতিত করতে হলে প্লাটিনাম পাতের ক্ষেত্রফল লোহার পাতের ক্ষেত্রফলের সমান হতে হবে।

উদ্দীপক হতে পাই,

লোহার পাতের চূড়ান্ত ক্ষেত্রফলβ

∴ প্লাটিনামের চূড়ান্ত ক্ষেত্রফল, $A_2 = 5.00812\ m^2$

লোহার পাতের আদি ক্ষেত্রফল $= 5\ m^2$

প্লাটিনাম পাতের আদি ক্ষেত্রফল, $A_1 = 5\ m^2$

প্লাটিনামের দৈর্ঘ্য প্রসারণ সহগ, $\alpha = 8.9 \times 10^{-6}\ K^{-1}$

প্লাটিনামের ক্ষেত্র প্রসারণ সহগ,

$$\beta = 2\alpha = 2 \times 8.9 \times 10^{-6}\ K^{-1} = 1.78 \times 10^{-5}\ K^{-1}$$

আদি তাপমাত্রা $\theta_1 = 30\ °C = (30 + 273)K = 303K$

ধরি, প্লাটিনাম পাতের চূড়ান্ত তাপমাত্রা, $\theta_2$

আমরা জানি,
$$\beta = \frac{A_2 - A_1}{A_1(\theta_2 - \theta_1)}$$


$$\theta_2 - \theta_1 = \frac{A_2 - A_1}{A_1\beta}$$

$$\theta_2 - 303\ K = \frac{5.00812\ m^2 \ - 5m^2}{1.78\times10^{-5}\ K^{-1}\times5m^2}$$

$$\theta_2 = 91.24\ K + 303\ K = 392.24\ K$$


$$\therefore\ \theta_2 = (392.24 - 273)℃ = 121.24℃$$

## ৩। সিলেট বোর্ড ২০১৭




আপেক্ষিক তাপ $4200\ JKg^{-1}K^{-1}$

**চিত্র: A পাত্র**




আপেক্ষিক তাপ $1700\ JKg^{-1}K^{-1}$

**চিত্র: B বস্তু**

ক. এক কেলভিন কাকে বলে?

খ. ঘর্মাক্ত দেহে পাখার বাতাস ঠাণ্ডা অনুভূত হয় কেন? ব্যাখ্যা কর।

গ. B বস্তুর তাপমাত্রাকে ফারেনহাইট স্কেলে প্রকাশ কর।

ঘ. A পাত্রের শুধু তরল ও B পাত্রের তাপমাত্রা 30 $°C$ বৃদ্ধি করতে কোনটিতে কত বেশি তাপের প্রয়োজন হবে গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ($4°C$ তাপমাত্রায় 1 $cc$ পানির ভর 1 $g$)

## ৩ নং প্রশ্নের উত্তর

ক. পানির ত্রৈধ বিন্দুর তাপমাত্রার $\frac{1}{273.15}$ ভাগকে এক কেলভিন বলে।

খ. ঘর্মাক্ত অবস্থায় চলন্ত ফ্যানের নিচে বসলে ঠান্ডা লাগে। এর কারণ হলো ফ্যানের নিচে বসলে ফ্যানের বাতাসে শরীরের ঘাম বাষ্পে পরিণত হওয়া শুরু করে। এজন্য প্রয়োজনীয় সুপ্ততাপ শরীরের মধ্য থেকে সরবরাহ হয় বলে শরীরের তাপমাত্রা কমে যায় এবং ঠান্ডা লাগে।

গ. এখানে, B বস্তুর তাপমাত্রা, $C = 4°C$

ফারেনহাইট স্কেলে তাপমাত্রা, $F = ?$

আমরা জানি,

$$\frac{C}{5} = \frac{F - 32}{9}$$

বা, $\frac{4}{5} = \frac{F - 32}{9}$

বা, $5F - 160 = 36$

বা, $5F = 196$

বা, $F = \frac{196}{5} = 39.2$

$\therefore F = 39.2$

অতএব, B বস্তুর তাপমাত্রা ফারেনহাইট স্কেলে 39.2 °F

ঘ. এখানে, A পাত্রের ব্যাসার্ধ, $r = 5\,cm$

এবং উচ্চতা, $h = 20\,cm$

∴ A পাত্রের আয়তন, $V = \pi r^2 h$

$= 3.1416 \times (5\,cm)^2 \times 20\,cm$

$= 1570.8\,cm^2$

এখন, A পাত্রের তরলের আপেক্ষিক তাপ $4200\,\text{JKg}^{-1}\text{K}^{-1}$ বলে এটি পানি।

∴ A পাত্রের পানির আয়তন $= 1570.8\,cm^3$

∴ A পাত্রের পানির ভর, $m_1 = 1570.8g$ [∵ $4°C$ তাপমাত্রায় $1\,cm^3$ পানির ভর $1\,g$]

$= \frac{1570.8}{1000}\,kg = 1.5708\,kg$

পানির আপেক্ষিক তাপ, $S = 4200\,\text{JKg}^{-1}\text{K}^{-1}$

তাপমাত্রা বৃদ্ধি, $\Delta\theta_1 = 30\,°C = 30\,K$

∴ A পাত্রের পানির ক্ষেত্রে প্রয়োজনীয় তাপ

$Q_1 = m_1 S_1 \Delta\theta$

$= 1.5708\,kg \times 4200\,\text{JKg}^{-1}\text{K}^{-1} \times 30\,K$

$= 197920.8\,\text{J}$

আবার, B ঘনবস্তুর ভর, $m = 5\,g = \frac{5}{1000}\,kg = 0.005\,kg$

আপেক্ষিক তাপ, $S_2 = 1700\,\text{JKg}^{-1}\text{K}^{-1}$

তাপমাত্রা বৃদ্ধি, $\Delta\theta_2 = 30\,°C = 30\,K$

B বস্তুর ক্ষেত্রে প্রয়োজনীয় তাপ ,$Q_2 = m_1 S_1 \Delta\theta_2$

$= 0.005\,kg \times 1700\,\text{JKg}^{-1}\text{K}^{-1} \times 30\,K$

$= 255\,J$


এখানে, $Q_1 > Q_2$

$\therefore$ A পাত্রের তরলের ক্ষেত্রে অতিরিক্ত তাপের প্রয়োজন $= (197920.8 - 255)\,J$

$= 197665.8\text{ J}$

অতএব, A পাত্রের শুধু তরল ও B বস্তুর তাপমাত্রা $30\,°C$ বৃদ্ধি করতে A পাত্রের তরলের ক্ষেত্রে $197665.8\,J$ বেশি তাপ প্রয়োজন হবে।

## ৪। শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা




চিত্রের পাত্রের অভ্যন্তরীণ দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা দেওয়া হলো। পাত্রটি তরল দ্বারা পূর্ণ। পাত্রের তরলের তাপমাত্রা $20\,°C$ হতে বৃদ্ধি করে $45°C$ করতে $378\,kJ$ তাপ লাগে। তরলের ঘনত্ব $1000\,kgm^3$

ক. দৈর্ঘ্য প্রসারণ সহগ কাকে বলে?

খ. পানির মধ্যে ভারী জিনিস উত্তোলন সহজ কেন-ব্যাখ্যা কর।

গ. তরলের শেষ তাপমাত্রাকে ফারেনহাইট স্কেলে নির্ণয় কর।

ঘ. তরলটির আপেক্ষিক তাপ নির্ণয় করা সম্ভব হবে কি-না। গাণিতিকতাৰে বিশ্লেষণ কর।

## ৪ নং প্রশ্নের উত্তর

ক. $1\,m$ দৈর্ঘ্যের কোনো কঠিন পদার্থের দন্ডের তাপমাত্রা $1\,K$ বৃদ্ধির ফলে যতটুকু দৈর্ঘ্য বৃশি পায় তাকে ঐ দণ্ডের উপাদানের দৈর্ঘ্য প্রসারণ সহগ বলে।

খ. আমরা জানি, কোনো ভারী বস্তুকে পানিতে নিমজ্জিত করলে পানি বস্তুটির ওপর একটি উর্ধ্বমুখী বল বা প্লবতা প্রয়োগ করে। বস্তুর ওজন ও প্লবতা একই সরলরেখায় বিপরীত দিকে ক্রিয়া করায় পানিতে বস্তুর ওজন হ্রাস পায়। সেজন্য কোনো ভারী বস্তুকে বাতাস অপেক্ষা পানিতে উত্তোলন করা সহজ।

গ. এখানে, তরলের শেষ তাপমাত্রা ডিগ্রি সেলসিয়াসে, $C = 45\,°C$

ফারেনহাইট স্কেলে এই তাপমাত্রা, $F = ?$

আমরা জানি,

$$\frac{C}{5} = \frac{F - 32}{9}$$

বা, $$F - 32 = \frac{9C}{5}$$

বা, $$F = (\frac{9 \times 45}{5} + 32)°\text{F}$$

$$\therefore\ F = 113\,°\text{F}$$

ফারেনহাইট স্কেলে তরলটির শেষ তাপমাত্রা 113°F

ঘ. এখানে, তরলের ঘনত্ব, $\rho = 1000\ kgm^{-3}$

পাত্রের আয়তন, $V = 12\ cm \times 20\ cm \times 15\ cm$

$= 3600\ cm^3$

$= 3.6 \times 10^{-3}\ m^3$

∴ তরলের ভর, $m = \rho V$

$= 1000\ kgm^{-3} \times 3.6 \times 10^{-3}\ m^3$

$= 3.6\ kg$

তাপমাত্রার পার্থক্য, $\Delta\theta = 45\ ^\circ C - 20\ ^\circ C$

$= 25\ ^\circ C = 25\ K$

প্রয়োজনীয় তাপ, $Q = 378\ \text{kJ} = 378 \times 10^3\ \text{J}$

আমরা জানি, $Q = mS\Delta\theta$

$$S = \frac{Q}{m\Delta\theta} = \frac{378 \times 10^3\ \text{J}}{3.6\ kg \times 25\ K}$$

$$S = 4200\ \text{JKg}^{-1}\text{K}^{-1}$$

অতএব, তরলটির আপেক্ষিক তাপ নির্ণয় করা সম্ভব এবং এটি $4200\ \text{JKg}^{-1}\text{K}^{-1}$

## ৫। ঘাটাই ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, টাঙ্গাইল

রেল লাইনের দুটি পাতের মধ্যে $2.2\ cm$ ফাঁকা রাখা হয়েছে। একটি $90\ m$ দৈর্ঘ্য লোহার পাত ব্যবহার হয়। কোনো একদিন এ স্থানের তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে $10\ °C$ বেড়ে গেল। লোহার দৈর্ঘ্য প্রসারণ সহগ $11.5 \times 10^{-6}\ K^{-1}$

(ক) ঘনীভবন কী?

(খ) গলনাঙ্কের উপর চাপের প্রভাব ব্যাখ্যা কর।

(গ) রেল লাইনে ব্যবহৃত লোহার পাতের দৈর্ঘ্য প্রসারণ নির্ণয় কর।

(ঘ) তাপমাত্রা $18°C$ বেড়ে গেলে ঐ রেল লাইনে ট্রেন নিরাপদে চলতে পারবে কি? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে তা ব্যাখ্যা কর।

## ৫ নং প্রশ্নের উত্তর

ক) উষ্ণতার হ্রাস ঘটিয়ে কোনো পদার্থের বায়বীয় অবস্থা থেকে তরল অবস্থায় রূপান্তরিত হওয়ার প্রক্রিয়াকে ঘনীভবন বলে।

খ) গলনাঙ্কের উপর চাপের প্রভাব দু'ভাবে হতে পারে-

১ কঠিন অবস্থা থেকে তরল অবস্থায় রূপান্তরের সময় যেসব পদার্থের আয়তন বৃদ্ধি পায় (মোম, তামা) তাদের ক্ষেত্রে চাপ বাড়লে পদার্থের গলনাঙ্ক বেড়ে যায়। বর্ধিত চাপ আয়তন বৃদ্ধি অসুবিধা করে দেয় ফলে গলনাঙ্ক বেড়ে যায়।

২ আবার যেসব পদার্থের আয়তন গলনের ফলে হ্রাস পায় (ঢালাই লোহা, বরফ, অ্যান্টিমনি) তাদের ক্ষেত্রে চাপ বাড়লে গলনাঙ্ক কমে যায়। এর ফলে বর্ধিত চাপ আয়তন সঙ্কোচনে সুবিধা করে দেয়। ফলে গলনাঙ্ক কমে যায়।

গ) উদ্দীপকের তথ্য অনুসারে, আমরা পাই,

লোহার পাতের আদি দৈর্ঘ্য, $l_1 = 90\ m$

তাপমাত্রা বৃদ্ধি, $\Delta\theta = 10\ °C = 10\ K$

দৈর্ঘ্য বৃদ্ধি, $\Delta l = ?$

দৈর্ঘ্য প্রসারণ সহগ, $\alpha = 11.5 \times 10^{-6}\ K^{-1}$

আমরা জানি,

$$\alpha = \frac{\Delta l}{l_1 \Delta\theta}$$

$$\Delta l = \alpha l_1 \Delta\theta = (11.5 \times 10^{-6}\ K^{-1} \times 90 \times 10)\ m$$

$$\therefore \Delta l = 0.01035\ m$$

∴ লোহার পাতের দৈর্ঘ্য প্রসারণ $0.01035\ m$

ঘ) 18 °C তাপমাত্রা বেড়ে গেলে রেললাইনের উপর যে প্রভাব পড়বে তা নিচে গাণিতিকভাবে বিশ্লেষিত হলো-

এখানে, তাপমাত্রা বৃদ্ধি, $\Delta\theta_1 = 18°C = 18\ K$

দৈর্ঘ্য প্রসারণ, $\Delta l = ?$

এক্ষেত্রে,

$$\alpha = \frac{\Delta l'}{l_1 \Delta\theta'}$$

$$\Delta l' = \alpha l_1 \Delta\theta' = 11.5 \times 10^{-6}\ K^{-1} \times 90\ m \times 18\ K$$


$$\therefore \Delta l' = 0.01035\ m$$

এক্ষেত্রে, প্রতিটি পাতের দৈর্ঘ্য বৃদ্ধি পাবে $1.863\ cm$ অর্থাৎ দুটি পাতের মধ্যে ফাকা আছে $2.2\ cm$।

সতরাং রেললাইনের প্রসারণের জন্য অনুকূল বা উপযোগী যে ফাঁকা স্থানের প্রয়োজন পড়ে তা থাকায় ট্রেন লাইনটিতে নিরাপদে টেন চলতে পারবে দুর্ঘটনা ঘটবে না।

**৬। ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা**

তারের ব্যাসার্ধ $= 5.01\,mm$ তামার তারের তাপমাত্র $150\,°C$ বৃদ্ধি করা হলো।




$\gamma = 50.110^{-6}\,k$
$S = 400Jk_g^{-1}k^{-1}$
$\rho = 8960kgm^{-3}$

(ক) পানির ত্রৈধ বিন্দু কাকে বলে?

(খ) প্লাজমা অবস্থা ব্যাখ্যা কর।

(গ) তামার তারটিকে উত্তপ্ত করতে প্রয়োজনীয় তাপের পরিমাপ নির্ণয় কর।

(ঘ) তাপমাত্রা বৃদ্ধির পর উক্ত তামার ত্যরটি $10.06\,mm$ এ ব্যাসবিশিষ্ট রিং এর মধ্যে প্রবেশ করানো যাবে কি? গাণিতিক যুক্তি দাও।

**৬ নং প্রশ্নের উত্তর**

ক) যে নির্দিষ্ট তাপমাত্রা ও চাপে পানি তিন অবস্থাতেই অর্থাৎ বরফ, পানি ও জলীয় বাষ্পরূপে অবস্থান করে তাকে পানির বৈধ বিন্দু বলে।

খ) প্লাজমা অবস্থা হচ্ছে গ্যাসের উত্তপ্ত আয়নিত অবস্থা যেখানে প্রায় সমান সংখ্যার ধনাত্মক ও ঋণাত্মক আয়ন বিদ্যমান থাকে।

প্লাজমা অবস্থায় গ্যাসের ধর্ম গ্যাসের স্বাভাবিক ধর্ম হতে সম্পূর্ণ ভিন্ন তাই একে পদার্থের চতুর্থ অবস্থা বলা হয়। গ্যাসের তাপমাত্রা বৃদ্ধি করতে থাকলে এক পর্যায়ে গ্যাসের অণুগুলো আয়নিত হয়ে প্লাজমা অবস্থার সৃষ্টি হয়।

গ) এখানে, তামার তারটির দৈর্ঘ্য, $l = 100\ cm = 1\ m$

তারটির ব্যাসার্ধ, $r = 5.01\ mm = 5.01 \times 10^{-3}\ m$

তারটির উপাদানের ঘনত্ব, $\rho = 8960\ kgm^{-3}$

তারটির উপাদানের আপেক্ষিক তাপ, $S = 4200\ \mathrm{JKg^{-1}K^{-1}}$

তাপমাত্রা বৃদ্ধি, $\Delta\theta = 150°C = 150K$

প্রয়োজনীয় তাপ, $Q = ?$

$\therefore$ তারটির আয়তন, $V = \pi r^2 l$

$= 3.1416 \times (5.01 \times 10^{-3}\ m)^2 \times 1\ m$

$= 7.89 \times 10^{-4}\ m^3$

$\therefore$ তরলের ভর, $m = \rho V$

$= 8960\ kgm^{-3} \times 7.89 \times 10^{-4}\ m^3$

$= 0.7065\ kg$

$\therefore Q = mS\Delta\theta$

$= 0.7065\ kg \times 4200\ \mathrm{JKg^{-1}K^{-1}} \times 150\ K$

$\therefore Q = 42392.17\ \mathrm{J}$

অতএব, তামার তারটিকে উত্তপ্ত করতে প্রয়োজনীয় তাপের পরিমাপ 42392.17 J

ঘ) এখানে, রিং এর ব্যাস, $D = 10.06\ mm$

তামার ক্ষেত্র প্রসারণ সহগ, $\beta = \frac{2\gamma}{3} = \frac{2 \times 50.1 \times 10^{-6}\ K^{-1}}{3} = 3.34 \times 10^{-5}\ K^{-1}$

তামার তারটির ব্যাস, $d_1 = 2r = 2 \times 5.01\ mm = 10.02\ mm$

তামার তারের প্রস্থচ্ছদের ক্ষেত্রফল, $A_1 = \frac{1}{4}\pi d^2 = \frac{1}{4}\pi \times (10.02 \times 10^{-3})^2$

$= 2.51 \times 10^{-5} m^2$

তাপমাত্রা বৃদ্ধি, $\Delta\theta = 150°C = 150K$

এখন, তাপমাত্রা বৃদ্ধির পর তামার তারের প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল,

$$A_2 = A_1 + A_1\beta\Delta\theta$$
$$= A_1(1 + \beta\Delta\theta)$$
$$= 2.51\times10^{-5}m^2\times(1 + 3.34\times10^{-5}\,K^{-1}\,\times150K)$$
$$= 7.952\times10^{-5}\,m^2$$

এখন, তারের ব্যাস, $d_2$ হলে,

$$= \frac{1}{4}\pi{d_2}^2 = 7.952\times10^{-5}\,m^2$$

$$d_2 = \sqrt{\frac{7.952\times10^{-5}\,m^2\times4}{\pi}}$$
$$= 0.10045\,m$$

$$\therefore d_2 = 10.045\,mm$$

যেহেতু $d_2 < D$ অতএব, তাপমাত্রা বৃদ্ধির পর উক্ত তামার ত্যরটি $10.06\,mm$ এ ব্যাসবিশিষ্ট রিং এর মধ্যে প্রবেশ করানো যাবে ।

৭। 200°C তামাত্রার জ্বলন্ত একটি চুলার পাশে $15\,°C$ তাপমাত্রার একটি $3\,kg$ ভরের কঠিন বস্তু রাখা হলো। ফলে নির্দিষ্ট সময় পর এর তাপমাত্রা হলো $86\,°F$। বস্তুটির উপাদানের আপেক্ষিক তাপ 361 $JKg^{-1}K^{-1}$ বরফ গলনের সুপ্ততাপ 336000 $JKg^{-1}$

**এসএসসি পরীক্ষা (সকল বোর্ড) ২০১৮**

(ক) আপেক্ষিক তাপ কাকে বলে?

(খ) ইস্পাতের দৈর্ঘ্য প্রসারণ সহগ $11.5 \times 10^{-6}\,K^{-1}$ বলতে কী বুঝায়?

(গ) বস্তুটির তাপমাত্রা $86\,°F$ এ পৌছাতে কী পরিমাণ তাপ শোষণ করতে হয়েছে?

(ঘ) উল্লিখিত নির্দিষ্ট সময় পর বস্তুটিকে $500\,g$ গলিত বরফের ঠাণ্ডা পানিতে ছেড়ে দিলে মিশ্রণের সর্বোচ্চ তাপমাত্রা কত হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর।

## ৭ নং প্রশ্নের উত্তর

ক) একক ভরের কোনো বস্তুর তাপমাত্রা এক একক বাড়াতে যে পরিমাণ তাপের প্রয়োজন হয় তাকে ঐ বস্তুর উপাদানের আপেক্ষিক তাপ বলে।

খ) এ ইস্পাতের দৈর্ঘ্য প্রসারণ সহগ $11.5 \times 10^{-6}\,K^{-1}$ বলতে বুঝায় $1\,m$ দৈর্ঘ্যের কোনো ইস্পাত খণ্ডের তাপমাত্রা $1\,K$ বৃদ্ধি করলে তার দৈর্ঘ্য $11.5 \times 10^{-6}\,m$ বৃদ্ধি পাবে।

